

Total No. of Printed Pages—8

**HS/XII/A. Sc. Com/B/14**

**2 0 1 4**

**BENGALI**

**( Modern Indian Language )**

*Full Marks : 100*

*Time : 3 hours*

*The figures in the margin indicate full marks for the questions*

১। বন্ধনী থেকে সঠিক শব্দটি বেছে নিয়ে শূন্যস্থান পূর্ণ কর (যে-কোন  
পাঁচটি) : ১×৫=৫

(ক) লেখা ভাল হইলে ——— আপনি আসিবে।

( অর্থ / মান / যশ )

(খ) সকল অলঙ্কারের শ্রেষ্ঠ অলঙ্কার ———।

( সরলতা / জটিলতা / উদারতা )

(গ) আমার ভাইপো ———, তার প্রকৃতিতে কেমন করে গাছপালার মূল  
সুরগুলোই হয়েছে প্রবল।

( বলাই / গফুর / মহেশ )

( 2 )

- (ঘ) গাছটাকে প্রতিদিনই দেখাচ্ছে নিতান্ত — মত ।  
( নির্বোধের / সুবোধের / দুর্বোধের )
- (ঙ) উঠলে ত, এখন বসবে কোথায় — ?  
( দাদা / বাবা / বাছা )
- (চ) চলিয়ে —, গয়া প্যাসেঞ্জার আ গিয়া ।  
( দাদাজী / মাইজী / ভাইসাব )
- (ছ) আমি নামতে পাচ্ছিনা বাবা, — চোট লেগেছে ।  
( হাতে / পায়ে / মাথায় )

২। দু-একটি শব্দ দ্বারা যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) “ভুলিনু পূর্বের সুখ । রাজার নন্দিনী ।”

এখানে রাজার নন্দিনী কে ?

(খ) “সাজিতাম ফুলসাজে ;  
হাসিতেন প্রভু ।”

প্রভু বলতে কাকে বোঝানো হয়েছে ?

(গ) “বাবু বলিলেন, বুঝেছ — ? এ জমি লইব কিনে ।”

(শূন্যস্থান পূর্ণ কর)

( 3 )

(ঘ) “বুকভরা মধু বঙ্গের বধু জল লয়ে যায় ঘরে—  
‘মা’ বলিতে প্রাণ করে আনচান; চোখে আসে জল ভরে।’  
কোন কবিতার অংশ ?

(ঙ) “একুশের প্রথম প্রভাতফেরি, অলৌকিক ভোর।”  
কোন মাসের একুশ তারিখের কথা বলা হয়েছে ?

৩। দু-একটি শব্দ দ্বারা যে-কোন তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) চঞ্চলকুমারী কে ?

(খ) রূপনগরের রাজার নাম কি ?

(গ) “ক্ষান্ত হউন, নহিলে এই বর্ষায় বিদ্র করিব।” কে বলেছে ?

(ঘ) “আমি পিতৃহত্যা করিব না।” কথাটি কে বলেছে ?

(ঙ) আগন্তুক বলিল, “দেখিতেছেন না, আমি রাজপুত্র সৈনিক।” এই  
রাজপুত্র সৈনিকের নাম কি ?

৪। যে-কোন তিনটি প্রশ্নের উত্তর দাও : ২×৩=৬

(ক) সাময়িক সাহিত্য লেখকের পক্ষে অবনতিকর কেন ?

(খ) “যে কথার প্রমাণ দিতে পারিবে না, তাহা লিখিও না।” লেখকের  
এরূপ মন্তব্যের কারণ কি ?

(গ) “কেউ গাছের ফুল তোলে এইটে ওর বড় বাজে।” কার কথা বলা  
হয়েছে ? কেন ওর বড় বাজে ?

( 4 )

(ঘ) “বলাই তার বন্ধুর ছবি নিয়ে যেতে চাইল।” বলাইয়ের এই বন্ধুটি কে? সেই বন্ধুর ছবি কি আর পাওয়া সম্ভব ছিল?

(ঙ) “আমি ধর্ম বিক্রি করি না।” কে এই কথা কাকে বলেছে?

৫। যে-কোন পাঁচটি প্রশ্নের উত্তর সংক্ষেপে লেখ :

২×৫=১০

(ক) “কাঁদালা সরমা সতী তিতি অশ্রুণীরে।”  
সরমা কে? তিনি কোন্ কারণে কাঁদলেন?

(খ) “হায় সখি, আর কি লো পাব প্রাণনাথে?”  
কোন্ কবিতার অংশ? কাকে প্রাণনাথ বলা হয়েছে?

(গ) “কহিলেন শেষে ক্রুর হাসি হেসে, ‘আচ্ছা সে দেখা যাবে।’”  
কে, কাকে একথা বলেছেন?

(ঘ) “তুমি মহারাজ সাধু হলে আজ, আমি আজ চোর বটে।”  
কোন্ কবিতার পঙ্ক্তি? কে এই কথা উচ্চারণ করেছে?

(ঙ) “বাংলা ভাষা উচ্চারিত হলে চোখে ভেসে ওঠে কত চেনা ছবি।”  
কোন্ কবিতার পঙ্ক্তি? কোন্ কোন্ ছবি তার চোখে ভেসে ওঠে?

(চ) মানিকলাল কে? প্রথম জীবনে তার জীবিকা কি ছিল?

( 5 )

(ছ) চঞ্চলকুমারীকে বলপূর্বক বিয়ে করতে চেয়েছিল কে? এর থেকে বাঁচতে চঞ্চলকুমারী কার শরণ নিয়েছিল?

(জ) অনন্ত মিশ্র কোথায় যাচ্ছিল? দস্যুরা তার থেকে কি কি দ্রব্য পেয়েছিল?

৬। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :

৪

(ক) “যাহা লিখিবেন তাহা হঠাৎ ছাপাইবেন না।” কোন্ রচনার অংশ? লেখকের এরূপ মনোভাবের কারণ কি?

(খ) “এই জন্যে ব্যথাটা লুকোতে চেষ্টা করে।” কে, কোন্ ব্যথা লুকোতে চেষ্টা করে তা ‘বলাই’ গল্প অবলম্বনে আলোচনা কর।

(গ) “আমার সেকেণ্ড ক্লাসের টিকিট আছে।” এ কথা কে, কখন বলেছে?

৭। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :

৮

(ক) ‘রাজসিংহ’ উপন্যাসের তোমাদের পাঠ্য অংশ অবলম্বন করে মানিকলালের চরিত্র আলোচনা কর।

(খ) রাজসিংহ চরিত্রের সাহসিকতার পরিচয় দাও।

(গ) নির্মলকুমারী কে ছিলেন? তাঁর সঙ্গে চঞ্চলকুমারীর যে কথাবার্তা হয়েছিল তার একটি বিবরণ দাও।

( 6 )

৮। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'সীতা ও সরমা' কাব্যাংশ অবলম্বন করে পঞ্চবটী বনে সীতার বনবাসের একটি বিবরণ লেখ।

(খ) 'দুই বিঘা জমি' কবিতায় উপেনের নিঃস্ব হবার কাহিনীটি সংক্ষেপে লেখ।

(গ) 'বাংলা ভাষা উচ্চারিত হলে' কবিতায় কবির বক্তব্য বুঝিয়ে লেখ।

৯। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'বলাই' গল্পে বলাইয়ের উদ্ভিদ-প্ৰীতির একটি বর্ণনা দাও।

(খ) 'দুধের দাম' গল্পে বৃদ্ধার সঙ্গে অন্যান্যরা যে অমানবিক আচরণ করেছে, তার সঙ্গে কুলিটির আচরণের তুলনা কর।

(গ) 'বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র যে পরামর্শগুলি উপস্থিত করেছেন তার বিবরণ দাও।

১০। উদাহরণসহ সংজ্ঞা লেখ (যে-কোন তিনটি) : ২×৩=৬

স্বরসঙ্গতি ; অপিনিহিতি ; বর্ণবিপর্যয় ; স্বরাগম ; বিষমীভবন।

( 7 )

১১। নির্দেশ অনুসারে উত্তর দাও : ১+১=২

(ক) নিচের শব্দগুলিতে কোন্ ধরনের পরিবর্তন সাধিত হয়েছে, উল্লেখ কর (যে-কোন একটি) :

ভিথিরী ; আস্পর্ধা ; রাইত ; ইস্টিশন ।

(খ) নিচের পঙ্ক্তিটির অলঙ্কার নির্ণয় কর :

উষ্কার মতো ঘুরিছে ধরণী শূন্যে অমিত বেগে ।

১২। নিচের অলঙ্কারগুলির উদাহরণসহ সংজ্ঞা লেখ (যে-কোন দুটি) : ৩×২=৬

অনুপ্রাস ; উপমা ; সমাসোক্তি ; শ্লেষ ।

১৩। নিচের যে-কোন চারটি বাক্যের বঙ্গানুবাদ কর : ২×৪=৮

(ক) A friend in need is a friend indeed.

(খ) Our State is called the abode of clouds.

(গ) Honesty is the best policy.

(ঘ) Rabindranath Tagore is known as 'Vishwakabi'.

(ঙ) *Geetanjali*, written by Rabindranath was published in 1910 A.D.

১৪। নীচের অনুচ্ছেদটির সারমর্ম লেখ :

৮

হে ভারত, ইহাই প্রবল বিভীষিকা ; পাশ্চাত্য অনুকরণ-মোহ এমনই প্রবল হইতেছে যে, ভালমন্দের জ্ঞান, আর বুঝি বিচার শাস্ত্র, বিবেকের দ্বারা নিষ্পন্ন হয় না। শ্বেতাঙ্গরা যে ভাবের, যে আচারের প্রশংসা করে, তাহাই ভাল, তাহারা যাহার নিন্দা করে, তাহাই মন্দ। হা ভাগ্য, ইহা অপেক্ষা নির্বুদ্ধিতার পরিচয় আর কি ?

১৫। নীচের যে-কোন একটি বিষয় অবলম্বন করে একটি নিবন্ধ লেখ :

১০

- (ক) সংবাদপত্র
- (খ) তোমার প্রিয় কবি
- (গ) দৈনন্দিন জীবনে বিজ্ঞান
- (ঘ) পরিবেশ দূষণ ও তার প্রতিকার

\*\*\*